# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ঘ- ইউনিট ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

সময়: ৫০মিনিট (MCQ অংশ) পূর্ণমান: ৭৫

### বাংলা

### সংক্ষিপ্ত সিলেবাস ২০২২ অনুসারে

১. 'রেইনকোট' গল্পের রেইনকোট কিসের প্রতীক ?

ক) সহিষ্ণুতা খ) ধৈর্য ও ক্ষমা
গ) সাহস ও দেশপ্রেম ঘ) মৃত্যু উত্তর:গ

তথ্য:
- আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে।
- পরে এটি লেখকের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গ্রন্থে সংকলিত হয়।
- মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত।
- 'রেইনকোট' গল্পের পাঠ পরিচিতি অংশে বলা হয়েছে- রেইনকোটের প্রতীকী তাৎপর্য অসাধারণ। মুক্তিযোদ্ধা শ্যালকের রেইনকোট গায়ে দিয়ে সাধারণ ভীতু প্রকৃতির নূরুল হুদার মধ্যে সঞ্চারিত হয় যে উষ্ণতা, সাহস ও দেশপ্রেম- তারই ব্যঞ্জনাময় প্রকাশ ঘটেছে এ গল্পে। এ থেকে বোঝা যায়- 'রেইনকোট' সাহস ও দেশপ্রেমের প্রতীক।
- নুরুল হুদার জবানিতে গল্পের অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে।
- বিবৃত হয়েছে পাকিস্তানি বাহিনীর বর্বর নিপীড়ন ও হত্যাযজ্ঞের মধ্যে ঢাকা শহরের আতঙ্কগ্রস্ত জীবনের চিত্র।
- 'রেইনকোট' গল্পের ভাষারীতি: চলিতরীতি।

২. কোনটিকে ছেদচিহ্ন বলা যায় না ?

ক) কোলন-ড্যাস খ) বিস্ময়চিহ্ন
গ) হাইফেন ঘ) উদ্ধৃতিচিহ্ন উত্তর:গ

তথ্য:
- অপশনের সবগুলোকেই যতি চিহ্ন বলা যায় কিন্তু হাইফেন বা সংযোগ চিহ্নের বেলায় থামার প্রয়োজন হয় না।.
- ফলে এটাকে যতি চিহ্ন বলা গেলেও ছেদ বা বিরাম চিহ্ন বলা যায় না।

বিভিন্ন প্রকার বিরাম চিহ্নের পরিচয়:

| যতিচিহ্ন | চিহ্ন | বিরতিকাল |
|---|---|---|
| দাঁড়ি (পূর্ণচ্ছেদ) | । | ১ সেকেন্ড |
| কমা (পাদচ্ছেদ) | , | ১ বলতে যে সময় |
| সেমিকোলন (অর্ধচ্ছেদ) | ; | ১ বলার দ্বিগুণ সময় |
| প্রশ্নচিহ্ন | ? | ১ সেকেন্ড |
| বিস্ময়চিহ্ন | ! | ১ সেকেন্ড |
| হাইফেন | - | থামার প্রয়োজন নেই |
| কোলন-ড্যাস | :- | ১ সেকেন্ড |
| বিন্দু | . | |
| লোপচিহ্ন | ' | থামার প্রয়োজন নেই |
| ত্রিবিন্দু | (...) | |
| উদ্ধৃতিচিহ্ন | '-', "-" | ১ বলতে যে সময় |
| বন্ধনীচিহ্ন | (-),{-},[-] | থামার প্রয়োজন নেই |
| বিকল্পচিহ্ন | / | |

৩. One swallow does not make a summer"- প্রবাদ বাক্যটিতে যথার্থ বঙ্গানুবাদ হলো:

ক) ওস্তাদের মার শেষ রাতে খ) এক মাঘে শীত যায় না
গ) কারো পৌষ মাস কারো সর্বনাশ
ঘ) তালের পাখা প্রাণের সখা, গরমকালে হয় যে দেখা উত্তর:খ

তথ্য: গুরুত্বপূর্ণ কিছু বঙ্গানুবাদ:
- One man's meat is another man's poison.- কারো পৌষ মাস, কারো সর্বনাশ।
- Out of sight, out of mind.- চোখের আড়াল তো মনের আড়াল।
- One gains by being honest.- সততাই সর্বোৎকৃষ্ট পন্থা।
- Oil your own machine.- নিজের চরকায় তেল দাও।
- Riches do not last long.- ঐশ্বর্য দীর্ঘ দিন থাকে না।
- Much cry, little water.- যত গর্জে তত বর্ষে না।
- No pains no gains- কষ্ট না করলে কেষ্ট মেলে না।

৪. 'তাজা মাছ'- এ 'তাজা' কোন ধরনের বিশেষণ ?

ক) রূপবাচক খ) গুণবাচক
গ) অবস্থাবাচক ঘ) নির্দিষ্টতাজ্ঞাপক উত্তর: গ

তথ্য:
- যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যেমন: খুব সুন্দর বই। সুন্দর শিশু।

নাম বিশেষণের প্রকারভেদ:

| | |
|---|---|
| রূপবাচক | নীল আকাশ, সবুজ মাঠ, কালো মেঘ। |
| গুণবাচক | দক্ষ কারিগর, ঠান্ডা হাওয়া, চৌকশ লোক। |
| অবস্থাবাচক | তাজা মাছ, রোগা ছেলে, খোঁড়া পা, তরল পদার্থ। |
| নির্দিষ্টতাজ্ঞাপক | এই লোক, সেই ছেলে, ছাব্বিশে মার্চ। |
| ক্রমবাচক | এক টাকা, আট দিন। |
| পূরণবাচক | তৃতীয় প্রজন্ম, ৩৫তম অনুষ্ঠান। |
| পরিমাণবাচক | এক কেজি চাল, দু কিলোমিটার রাস্তা |
| অংশবাচক | অর্ধেক সম্পত্তি, ষোল আনা দখল, সিকি পথ। |
| উপাদানবাচক | বেলে মাটি, পাথুরে মূর্তি, মেটে কলসি। |
| প্রশ্নবাচক | কতদূর পথ? কেমন অবস্থা? কতক্ষণ সময়? |
| ভাববাচক | খুব ভালো খবর, গাড়িটা বেশ জোরে চলছে। |

৫. 'যদি এই পথে মৃত্যু এসে থাকে তবে তাই হবে'- কোন রচনার উদ্ধৃতি ?

ক) আমার পথ খ) বায়ান্নর দিনগুলো
গ) অপরিচিতা ঘ) নেকলেস উত্তর: খ

তথ্য:
- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' তাঁর *অসমাপ্ত আত্মজীবনী* (২০১২) গ্রন্থ থেকে সংকলন করা হয়েছে।
- বায়ান্নর দিনগুলো রচনাটিতে বঙ্গবন্ধু ও মহিউদ্দিন আহমদ যখন অনশন ধর্মঘট করার জন্য প্রস্তুত হচ্ছিলেন তখন বঙ্গবন্ধু বলেছিলেন- আমরা আলোচনা করে ঠিক করেছি, যাই হোক না কেন, আমরা অনশন ভাঙব না। যদি এই পথেই মৃত্যু এসে থাকে তবে তাই হবে।

'বায়ান্নর দিনগুলো' রচনার গুরুত্বপূর্ণ লাইন:
- মহিউদ্দিন ভুগছে প্লুরিসিস রোগে, আর আমি ভুগছি নানা রোগে।
- চার দিন পরে আমাদের নাক দিয়ে জোর করে খাওয়াতে শুরু করল।
- মহাবিপদ! নাকের ভিতর দিয়ে নল পেটের মধ্যে পর্যন্ত দেয়।
- আজ দুইশত বৎসর পরে আমরা স্বাধীন হয়েছি।
- মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।
- সিভিল সার্জন সাহেব দিনের মধ্যে পাঁচ-সাতবার আমাদের দেখতে আসেন।
- মানুষ স্বার্থের জন্য অন্ধ হয়ে যায়।

### পূর্ণাঙ্গ সিলেবাসের বাকী অংশ

৬. মোপাসাঁ নামের কোন ইংরেজি বানানটি শুদ্ধ?

a) Mopassa b) Maupassant
c) Mapassant d) Mapassan Ans:b

তথ্য:

গী দ্য মোপাসাঁ

| | |
|---|---|
| পূর্ণনাম | Henri-Renri-Albert-Guy de Maupassant. |
| জন্ম পরিচয় | জন্ম : ৫ আগস্ট ১৮৫০ খ্রিস্টাব্দ, নর্মান্ডি, ফ্রান্স।<br>পিতা : গুস্তাভ দ্য মোপাসাঁ; মাতা : লরা লি পয়টিভিন। |
| শিক্ষাজীবন | নিম্ন মাধ্যমিক স্কুল, ১৮৬৭ খ্রিস্টাব্দ। |
| পেশা/ কর্মজীবন | সাংবাদিকতা ও সাহিত্যচর্চা। কাব্যচর্চা দিয়ে তাঁর সাহিত্যজীবন শুরু, গল্পকার হিসেবে বিশ্বব্যাপী খ্যাতি অর্জন। |
| মৃত্যু | ৬ জুলাই ১৮৯৩ খ্রিস্টাব্দ। |
| সাহিত্যকর্ম | |
| কাব্যগ্রন্থ | De Ver (কাব্যগ্রন্থটি ১৮৮০ সালে প্রকাশিত হয়)। |
| গল্প | Boule de Suif (ব্যু দ্য সুইফ), মাদমোয়াজেল ফিফি। |
| উপন্যাস | Un-riel, বেল আমি। |

৭. 'সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা' - কে এক কথায় বলে-

ক) প্রত্যুদ্গমন খ) আবাহন গ) সম্ভাষণ ঘ) স্বাগতম উত্তর:ক

তথ্য:
- সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা = প্রত্যুদ্গমন।
- আবাহন = মন্ত্র উচ্চারণ সহকারে দেবতাকে আহ্বান।
- সম্ভাষণ = সম্বোধন, অভ্যর্থনা।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

- স্বাগতম (শুদ্ধরূপ-স্বাগত)= সাদর সম্ভাষণ।

**গুরুত্বপূর্ণ কিছু এক কথায় প্রকাশ:**

| | |
|---|---|
| আদি থেকে অন্ত পর্যন্ত= আদ্যোপান্ত | সবকিছু সহ্য করেন যিনি = সর্বংসহ |
| আকাশ ও পৃথিবীর অন্তরালোক = ক্রন্দসী | স্বার্থের জন্য অন্যায় অর্থ প্রদান = উপদা |
| শত্রুকে দমন করে যে = অরিন্দম | অকালে পক্ব হয়েছে যা = অকালপক্ব |
| যে নারীর স্বামী প্রবাসে থাকে = প্রোষিতভর্তৃকা | যে পুরুষের স্ত্রী বিদেশে থাকে = প্রোষিতপত্নীক |

৮. 'কৃশ' শব্দের বিপরীত শব্দ কোনটি ?

ক) হালকা খ) ভারি গ) লম্বা ঘ) স্থূল উত্তর: ঘ

তথ্য:
- কৃশ অর্থ- শীর্ণ, রোগা, ক্ষীণ, যার বিপরীত শব্দ = স্থূল।
- স্থূল অর্থ- মেদবহুল, মোটা, সূক্ষ্ম নয় এমন।

গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ:

| মূল শব্দ | বিপরীত | মূল শব্দ | বিপরীত |
|---|---|---|---|
| কৃশ | স্থূল | হালকা | ভারি |
| লম্বা | খাটো | কচি | ঝুনো/পাকা |
| কর্কশ/কঠিন | কোমল | কুটিল | সরল |
| কৃতজ্ঞ | অকৃতজ্ঞ/কৃতঘ্ন | কপটতা | সরলতা |
| কদাচার | সদাচার | কদাচিৎ | অনবরত/সর্বদা |

৯. কোনটি মিশ্র শব্দের দৃষ্টান্ত ?

ক) অংশীদার খ) অংশুমালী গ) অংশুমান ঘ) অংশভাগী উত্তর: ক

তথ্য:
- কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে তখন এগুলোকে মিশ্র শব্দ বলা হয়। মিশ্র শব্দকে সংকর শব্দও বলে। যেমন: অংশীদার শব্দের 'অংশী' = সংস্কৃত শব্দ, 'দার' = ফারসি শব্দ।
- অংশুমান = সূর্য, জ্যোতির্ময় (সংস্কৃত শব্দ)।
- অংশুমালী = সূর্য, প্রদীপ্ত।
- অংশভাগী = অংশীদার (সংস্কৃত শব্দ)।

গুরুত্বপূর্ণ কিছু মিশ্রশব্দ

| মিশ্র শব্দ | ভাষা | মিশ্র শব্দ | ভাষা |
|---|---|---|---|
| আইনজীবী | আরবি + তৎসম | চৌহদ্দি | বাংলা + ফারসি |
| হাট-বাজার | বাংলা + ফারসি | হেড-মৌলবি | ইংরেজি + ফারসি |
| শাকসবজি | তৎসম + ফারসি | হেড-পণ্ডিত | ইংরেজি + তৎসম |
| ডাক্তারখানা | ইংরেজি + ফারসি | খ্রিষ্টাব্দ | ইংরেজি + তৎসম |
| পকেটমার | ইংরেজি + বাংলা | কালিকলম | বাংলা + আরবি |

১০. 'দহ' শব্দের অর্থ কী?

ক) জ্বালানো খ) পোড়ানো গ) জলাধার ঘ) জীবনভর উত্তর: গ

তথ্য:
- দহ শব্দের অর্থ– জলাধার, হ্রদ, দিঘী, জলা, সরোবর, পুকুর, তটাক।
- দাহ শব্দের অর্থ– দহন বা মৃতদেহের।

গুরুত্বপূর্ণ কতিপয় শব্দ ও তার অর্থ:

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| দাগি | চিহ্নিত | দ্বার | দরজা |
| দামিনী | বিদ্যুৎ | দৌহিত্রী | কন্যার কন্যা, নাতনি |
| দ্যুলোক | স্বর্গ | দুহিতা | কন্যা, তনয়া |
| দ্বিজরাজ | চাঁদ | দ্রুম | বৃক্ষ, গাছ |
| দ্বন্দ্ব | মিলন | দামিনী | বিদ্যুৎ |

১১. 'দুর্নীতি' শব্দটিতে 'ণ'-ত্ব বিধানের নিয়ম প্রযুক্ত হয় না কেন ?

ক) সমাসবদ্ধ পদ বলে খ) পূর্বে 'দ' ধ্বনি থাকায়

গ) তদ্ভব শব্দ হওয়ায় ঘ) পরে 'ন' ধ্বনি থাকায় উত্তর:ক

তথ্য:
- সন্ধি ও সমাসসাধিত কিছু সংস্কৃত শব্দে মূর্ধন্য-ণ না হয়ে দন্ত্য-ন হয়। যেমন: অগ্রনায়ক, দুর্নিবার, প্রনষ্ট, সর্বনাম, ত্রিনয়ন, হরিনাম, বহির্গমন, নির্নিমেষ, পারন্ন, দুর্নিরীক্ষ্য, দুর্নীতি, ক্ষুন্নিবৃত্তি, শ্রীমান ইত্যাদি।

১২. বিভক্তিহীন নামশব্দকে কী বলে ?

ক) প্রাতিপদিক খ) প্রতিপাদিক গ) প্রত্যয়ন ঘ) প্রাতিস্বিক উত্তর:ক

তথ্য:
- ধাতু ও শব্দের মূলকে প্রকৃতি বলে।
- প্রকৃতি দুই প্রকার। যথা: ক. ক্রিয়াপ্রকৃতি ও খ. নামপ্রকৃতি
- ক্রিয়ার মূলকে বলা হয় ধাতু বা ক্রিয়াপ্রকৃতি।
- শব্দের মূলকে নাম প্রকৃতি বলে।
- অর্থাৎ যে প্রকৃতি দিয়ে কোনো কিছুর নাম বোঝায় তাকে বলা হয় নাম প্রকৃতি।
- নাম প্রকৃতির সাথে কোন বিভক্তি যুক্ত হয় না।
- বিভক্তিহীন এমন নাম প্রকৃতি বা নাম শব্দকে প্রাতিপদিক বলে। যেমন: ঢাকা + আই = ঢাকাই। এখানে 'ঢাকা' প্রাতিপদিক।

১৩. 'সাতপাঁচ' ভেবে লাভ নেই'- এখানে ব্যবহৃত বাগধারাটি কোন অর্থ প্রকাশ করেছে ?

ক) অগ্র-পশ্চাৎ খ) এলোমেলো

গ) সস্তা কথা ঘ) নানা প্রকার উত্তর: ঘ

তথ্য:
- সাতপাঁচ, সাত সতেরো বাগধারা অর্থ- নানা প্রকার, বিচিত্র রকমের।
- অগ্র-পশ্চাৎ = আগ-পিছ। ▪ এলোমেলো = অগোছালো।
- সস্তা কথা = অপ্রসঙ্গিক কথা।

গুরুত্বপূর্ণ কিছু বাগধারা

| | |
|---|---|
| সাতখুন মাফ: অত্যধিক প্রশ্রয়দান | সাতসতেরো: অপ্রয়োজনীয় কথা |
| সাত কাণ্ড রামায়ণ: মস্তবড় ব্যাপার | সাতকাহন: প্রচুর পরিমাণ |
| সাত তাড়াতাড়ি: অতি দ্রুত | সাতেও না পাঁচেও না: নির্লিপ্ত |
| সাত রাজার ধন: অত্যন্ত মূল্যবান জিনিস | সাপের ছুঁচো গেলা: উভয় সংকটে পড়া |
| সাক্ষীগোপাল: নিষ্ক্রিয় দর্শক | সাপে নেউলে: শত্রুভাবাপন্ন |

১৪. নিচের কোন ধ্বনিটি বাংলায় নেই ?

ক) দন্ত্য খ) দন্ত্যৌষ্ঠ্য গ) দন্তমূলীয় ঘ) ওষ্ঠ্য উত্তর: খ

তথ্য:
- ব্যাকরণে শুধু মানুষের মুখনিঃসৃত অর্থবোধক আওয়াজকেই 'ধ্বনি' বলে।
- ভাষার মূল উপাদান– ধ্বনি।
- বাংলা দন্ত্য ধ্বনি (ত, থ, দ, ধ)।
- দন্তমূলীয় ধ্বনি (ন, র, ল, স)।
- ওষ্ঠ্য (প, ফ, ব, ভ, ম)।
- কিন্তু দন্ত্যৌষ্ঠ্য ধ্বনির অস্তিত্ব বাংলায় নেই।

১৫. 'মঞ্জরী' শব্দের অর্থ হলো–

ক) ফুলের রেণু খ) মুকুল গ) বসন্ত ঘ) অনুমোদন উত্তর: খ

তথ্য:
- মঞ্জরী শব্দের অর্থ- মুকুল, ফুল, প্রসূন, পুষ্প, কুসুম, কুঁড়ি, বোল।

গুরুত্বপূর্ণ শব্দ ও তার অর্থ:

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| মল্লিকা | বেলফুল | মকরন্দ | ফুলের মধু |
| মাধবী | বাসন্তী | মালঞ্চ | ফুলবাগান |
| মঞ্জীর | নূপুর | মরুত | বায়ু, বাতাস |
| মঞ্জুল | সুন্দর, মনোহর | মঞ্জু | মনোহর, সুন্দর |
| মর্ত্য | পৃথিবী | মিহির | সূর্য |
| মৃগাঙ্ক | চাঁদ | ময়ূখ | কিরণ, রশ্মি |

## English

**Read the following passage and answer the question (1-5):**

Forests are an important part of civilization. They not only form a considerable portion of the national wealth of a country, but also play an important role in maintaining the environmental balance. Indiscriminate felling of tress to enhance city areas is a threat to our civilization. We often forget that a peaceful and well-balanced co-existence of man-made civilization and nature is absolutely important for human existence on the earth. Indiscriminate felling of trees makes our planet less green and threatens the wildlife. Forests and trees have an enormous impact on the climate as they are instrumental in drawing rain to the earth. Deforestation has resulted in radical changes in our climate. The overall temperature of the planet is increasing at an alarming rate. The duration of seasons is fluctuating all over the world. The rate of rainfall is becoming erratic. The future of this planet is in trouble unless immediate attention is paid to this danger.

**1. A suitable title of the passage is:**

a) Temperature changes b) Deforestation

c) Human existence on the earth

d) Melting of Polar ice-caps Ans:b



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

তথ্য: ▪ পুরো Passage- এ Forests এর গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়েছে। পাশাপাশি Forest নিধনের ফলে সৃষ্ট Deforestation এর প্রভাব নিয়ে আলোচনা করা হয়েছে। So সঠিক title হবে Deforestation।

**2. The word ' instrumental' in the passage means:**
a) Performed on instruments b) Secondary
c) Using instruments to achieve results
d) Very important in causing something to happen
Ans: d

তথ্য: 'Instrumental' হলো এমন কিছু যা কোন কিছু ঘটতে সাহায্য করে।

**3. According to the passage, indiscriminate felling of trees results in______.**
a) An expansion of urban centers
b) Radical changes in our climate
c) Environmental balance
d) An increase in rainfall Ans:b

তথ্য: ▪ Passage-এর ৫ম লাইনে Indiscrimination felling of trees এর ফলাফল বলা হয়েছে যা Climae change কে ইঙ্গিত করে।
▪ লাইনটি, Indiscriminate felling of trees makes our planet less green and threatens the wildlife.
অর্থ, নির্বিচারে গাছ কাটা আমাদের গ্রহকে কম সবুজ করে তোলে এবং বন্যপ্রাণীকে হুমকির মুখে ফেলে।

**4. According to the passage, The temperature of the world is-**
a) Increasing in a disturbing way
b) Increasing every year
c) Decreasing every year
d) Increasing only in the polar Regions Ans:a

তথ্য: ▪ Passage-এর ৮ম লাইনে হুবহু দেয়া আছে। alarming rate আর disturbing way একই অর্থ দেয়। লাইনটি হলো, "The overall temperature of the planet is increasing at an alarming rate." (গ্রহের সামগ্রিক তাপমাত্রা উদ্বেগজনক হারে বাড়ছে)।

**5. The passage suggests that the future of this planet is in trouble, because-**
a) Urbanization is likely to stop
b) Deforestation will bring disasters everywhere
c) Cities will be flooded as a result of the melting of ice-caps
d) The duration of seasons is becoming longer Ans:b

তথ্য: ▪ Passage-এর শেষ অংশে deforestation যে সব সেক্টরে খারাপ প্রভাব ফেলে তা বলা হয়েছে।
▪ "Deforestation has resulted in radical changes in our climate. The overall temperature of the planet is increasing at an alarming rate. The duration of seasons is fluctuating all over the world. The rate of rainfall is becoming erratic."(বন উজাড়ের ফলে আমাদের জলবায়ুতে আমূল পরিবর্তন হয়েছে। গ্রহের সামগ্রিক তাপমাত্রা উদ্বেগজনক হারে বাড়ছে। সারা বিশ্বে ঋতুর সময়কাল ওঠানামা করছে। বৃষ্টিপাতের হার এলোমেলো হয়ে যাচ্ছে।)

**6. A world similar to 'dilemma' is_____**
a) Predicament b) Delay
c) Difficulty d) Delayed message Ans:a/c

তথ্য: Dilemma- উভয় সঙ্কট; যে অবস্থায় দুটি সমান অগ্রহণযোগ্য বা অসুবিধাজনক বিকল্পের একটিকে বেছে নিতে হয়।

| | |
|---|---|
| Predicament- উভয় সংকট | Difficulty- সমস্যা, কাঠিন্য |
| Delayed message-বিলম্বিত বার্তা | Delay- বিলম্ব |

Synonym: predicament, catch 22, quandary, perplexity.

**7. The number of COVID-19 related deaths_____the world.** Ans:b
a) have overwhelmed b) has overwhelmed
c) are overwhelming d) has been overwhelmed

তথ্য: ▪ The number of এর পরে Noun plural কিন্তু verb singular হয়। এখানে passive এর কোন ব্যাপার নেই তাই d হবে না।
The number of + of + plural noun + singular verb + ext.
যেমন: The Number of students fails in admission test.
▪ এছাড়াও One of, Any of, Each of, Either of, Neither of যদি subject হিসেবে ব্যবহৃত হলে এর পরে Noun plural কিন্তু verb singular হয়।
One/Any/ Each/Either/Neither/ + of + plural noun + singular verb + ext.
যেমন: Each of the students is well.
▪ তবে A number of এর পরে Noun এবং verb উভয় plural হয়।
The number of + of + plural noun + plural verb + ext.
যেমন: A number of students are getting student visa

**8. What is the synonym of the word ' Hamlet'?**
a) Space b) Asylum c) Prison d) Village Ans:d

তথ্য:

| | | |
|---|---|---|
| Hamlet<br>ছোটগ্রাম | Space<br>স্থান | Asylum<br>আশ্রয়, নিরাপত্তা, পাগলা-গারদ |
| | Prison<br>কারাগার | Village<br>গ্রাম |

**Synonym:** townlet, bourg, village, settlement, suburb, crossroads, district, community and colony
**Antonym:** city, confusion, indecision, country, countryside, centre, center and metropolis

**9. That reminds me ______ my last visit to a Mughal palace.**
a) about b) of c) for d) to Ans:b

তথ্য: ▪ Remind (one) of (a thing)- কাউকে কোন কিছু মনে করিয়ে দেওয়া।
কিছু গুরুত্বপূর্ণ **Appropriate Preposition:**
- Responsible to - কোনো ব্যক্তির নিকট দায়ী
- Responsible for- কোনো কাজের জন্য দায়ী
- Retire into (loneliness) – নির্জনে যাওয়া
- Retire to (bed) – বিশ্রাম করা, শুতে যাওয়া
- Return to – পূর্ববর্তী স্থানে ফিরে আসা
- Result from- কোনো কিছু হতে ফলাফল সৃষ্টি হওয়া
- Result in -কোনো কিছুতে ফলাফল নিহিত থাকা
- Rest with (sb) – (সিদ্ধান্ত, দায়িত্ব) নির্ভর করা
- Recommend to – কারও নিকট সুপারিশ করা
- Recommend for– কারও জন্য সুপারিশ করা

**10. I must acknowledge I have______ notion of what it means to be pleasant to everyone.**
a) much b) some c) little d) many Ans:b

তথ্য: ▪ Notion শব্দটি Countable/uncountable noun হওয়ায় এর আগে Some বসতে পারে।
▪ Countable noun এবং uncountable noun উভয় প্রকার noun এর পূর্বে 'কিছু' অর্থে some বসে। যেমন: I have some books.
▪ অনেকগুলি অর্থে Countable noun এর পূর্বে many বসে।
যেমন: There are many trees at Rajshahi University.
▪ তাই বাক্যের অর্থ অনুযায়ী gap এ some হবে
▪ বাক্যটির অর্থ, "আমাকে অবশ্যই স্বীকার করতে হবে যে প্রত্যেকের কাছে আনন্দদায়ক হওয়ার অর্থ কী সে সম্পর্কে আমার কিছু ধারণা আছে।"

**11. _____ living in the water, whales breathe air.**
a) Despite b) For c) Though d) Now Ans:a

তথ্য: ▪ কোনো কিছু সত্ত্বেও অর্থে In spite of বা despite, Simple sentence এ ব্যবহৃত হয়। (despite এর পরেকখনোই of বসে না)। তবে এরা অবশ্যই noun বা noun phrase এর পূর্বে বসে।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

যেমন: Despite being poverty, he is honest.
- Though বা although এর অর্থ যদিও, তথাপি, কিছু হওয়া সত্ত্বে। sentence এর দুটি clause এর কাজের বিপরীতমুখিতা বুঝাতে though বা although ব্যবহৃত হয়। তবে এরা অবশ্যই clause এর পূর্বে বসে। যেমন: Though he is poor, he is honest.
- বাক্যটির অর্থ, "তিনি পানিতে বসবাস করা সত্ত্বেও বাতাসে নিশ্বাস নেয়।"

**12. What is the antonym of the word ' adverse'?**

a) Unseemly b) Misplaced
c) Favorable d) Inapt **Ans:c**

তথ্য:

| | | |
|---|---|---|
| Adverse<br>প্রতিকূল, বিরূপ | Favorable<br>অনুকূল | Inapt<br>অদক্ষ |
| | Misplaced<br>ভুল স্থানে অবস্থিত | Unseemly<br>অনুচিত |

**Synonym:** conflicting, detrimental, disadvantageous, inimical, injurious, negative, unfortunate, unfriendly.
**Antonym:** advantageous, assisting, good, beneficial, friendly, helpful, kind.

**13. He is fond of reading fictions, playing games and ______.**

a) listening music b) hearing music
c) listen to music d) listening to music **Ans:d**

তথ্য:
- **Parallelism:** যখন কোনো বাক্যের ধারাবাহিক কিছু তথ্য দেওয়া থাকে, প্রত্যেক তথ্য গঠন করার জন্য একই গঠনরূপ ব্যবহার করতে হয়, তাকে Parallelism বলে।
- **and, or, but,** ইত্যাদির আগেও যা বসে পরেও তা বসে।
- parallelism এর নিয়মনুযায়ী fond of reading এবং playing থাকায় and এর পরেও ing যুক্ত verb হবে। আর গান শুনা অর্থে listening to music হয়।

যেমন: Zerin is a scholar, an athlete and an artist

**14. What is the meaning of the word ' Chilling '?**

a) Cool b) Frightening
c) Relaxing d) Warming **Ans:b**

তথ্য:

| | | |
|---|---|---|
| Chilling<br>ভীতিকর, প্রচণ্ড | Cool- ঠাণ্ডা | Frightening- ভীতিকর |
| | Relaxing<br>আরামদায়ক | Warming<br>উষ্ণ |

**Synonym:** eerie, horrifying, shocking, thrilling.
**Antonym:** reassuring, comforting, encouraging, uplifting , cheering

**15. Did you say he teased you? He____ be a good friend.**

a) isn't b) shouldn't
c) can't d) won't **Ans:c**

তথ্য:
- বর্তমান সামর্থ্য, অনুমতি, অনুরোধ, সম্ভাবনা, বিনীত প্রস্তাব ইত্যাদি ক্ষেত্রে can ব্যবহৃত হয়। যেমন: He can speak four languages.
- কারও কিছু করা উচিত বা উচিত নয় অর্থে should/ (not) +base form ব্যবহৃত হয়।

যেমন: You should accept this job to cut your teeth on.
- বাক্যটির অর্থ- 'সে একজন ভালো বন্ধু হতে পারে না।' এই অর্থে can't হবে।

## সাধারণ জ্ঞান

**২৯. 'আমার একটি স্বপ্ন আছে' - এ বাক্যটি কোন ব্যক্তি তাঁর ভাষণে বলেছিলেন?**

ক) জর্জ ওয়াশিংটন খ) মার্টিন লুথার কিং
গ) নেলসন ম্যান্ডেলা ঘ) আব্রাহাম লিঙ্কন **উত্তর: খ**

তথ্য:
- মার্টিন লুথার কিং ১৫ জানুয়ারি ১৯২৯ সালে জর্জিয়ার আলান্টায়, মেমফিস শহরে যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করেন।
- তিনি ছিলেন মার্কিন কৃষ্ণাঙ্গ মানবাধিকার কর্মী।
- ১৯৬৩ সালে ২৮ আগস্ট ওয়াশিংটনের লিঙ্কন মেমোরিয়ালের সিঁড়িতে দাঁড়িয়ে I have a dream (আমার একটি স্বপ্ন আছে) শীর্ষক ভাষণটি দিয়েছিলেন।
- ১৯৬৪ সালে মানবাধিকার প্রতিষ্ঠায় অহিংস আন্দোলনের জন্য নোবেল পুরস্কার লাভ করেন।
- মৃত্যুবরণ করেন- ৪ এপ্রিল ১৯৬৮ সালে টেনিস, যুক্তরাষ্ট্র।

**৩০. টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা কয়টি?**

ক) ১১ খ) ১৭ গ) ১৫ ঘ) ১৯ **উত্তর:খ**

তথ্য:
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা হলো ভবিষ্যৎ আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত এক গুচ্ছ লক্ষ্যমাত্রা।
- দারিদ্র দূরীকরণের লক্ষ্যে ২০০০ সালে জাতিসংঘের ঘোষিত ১৫ বছর মেয়াদী Millennium Development goals এর ৮টি লক্ষ্যমাত্রা ছিল।
- এর মেয়াদ ছিল- ২০০০ থেকে ২০১৫ সাল পর্যন্ত।
- ২০১৫ সালের আগস্ট মাসে ১৯৩টি দেশের সম্মতিতে SDGs গৃহিত হয়।
- SDG এর পূর্ণরূপ- Sustanable Development Goals.
- SDG এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল।
- SDG এর মোট ১৭ টি লক্ষ্যমাত্রা ও ১৬৯ টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।

| SDG বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা: ১৭ টি | |
|---|---|
| ১. দারিদ্র দূরীকরণ | ২ ক্ষুদা মুক্তি |
| ৩. সুস্বাস্থ্য ও কল্যাণ | ৪. মানসম্মত শিক্ষা |
| ৫. লিঙ্গ সমতা | ৬. সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা |
| ৭. নবায়নযোগ্য ও ব্যয়সাধ্য জ্বালানী | ৮. কর্মসংস্থান ও অর্থনীতি |
| ৯. উদ্ভাবন ও উন্নত অবকাঠামো | ১০. বৈষম্য হ্রাস |
| ১১. টেকসই নগর ও সম্প্রদায় | ১২. সম্পদের দায়িত্বপূর্ণ ব্যবহার |
| ১৩. জলবায়ু বিষয়ে পদক্ষেপ | ১৪. টেকসই মহাসাগর |
| ১৫. ভূমির টেকসই ব্যবহার | ১৬. শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান |
| ১৭. টেকসই উন্নয়নের জন্য অংশীদারিত্ব | |

**৩১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' কে ইংরেজিতে অনুবাদ করেছেন?**

ক) আবদুল গাফফার চৌধুরী খ) শামসুজ্জামান খান
গ) ফখরুল আলম ঘ) বেবী মওদুদ **উত্তর: গ**

তথ্য:
- 'অসমাপ্ত আত্মজীবনী' শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী সংকলন।
- ইংরেজি নাম- The Unfinished Memoirs
- বইটির প্রকাশকাল- ১৮জুন, ২০১২ সালে।
- ঢাকা কেন্দ্রীয় কারাগারে রাজবন্দী অবস্থায় (১৯৬৬-১৯৬৯) বন্ধুবান্ধব, সহকর্মী এবং সহধর্মিনীর অনুপ্রেরণায় তিনি জীবনী লেখা শুরু করেন।
- বইটিতে আত্মজীবনী লিপিবদ্ধ আছে- ১৯৫৫ সাল পর্যন্ত।
- বইটির ভূমিকা লিখেন- বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা।
- বইটি সম্পাদনা করেন- শামসুজ্জামান খান।
- বইটির প্রচ্ছদ শিল্পী- সমর মজুমদার।
- বইটি ইংরেজি, উর্দু, জাপানি, চিনা, আরবি, ফারসি, হিন্দি, তুর্কি, নেপালি, স্পেনীয়, অসমীয়, ইতালীয়, মালয়, কোরীয়, রুশ, মারাঠি ও সর্বশেষ গ্রীক ভাষায় অনুবাদ প্রকাশিত হয়েছে।
- ইংরেজি ভাষায় বইটির অনুবাদক- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক ফখরুল আলম।
- জাপানি ভাষায় অনুবাদ করেন- কাজুহিরো ওয়াতানবে।
- বইটির পৃষ্ঠা- ৩৩০ (আত্মজীবনী ২৮৮)।

**৩২. ইন্তিফাদা কী ? [ঢাবি (ঘ): ২০১৮- ২০১৯]**

ক) ইসরায়েলি দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনি গণজাগরণ
খ) স্পেনীয় শাসনের বিরুদ্ধে বলিভিয়ার জাতীয়তাবাদী আন্দোলন
গ) ফরাসি কৃষক বিদ্রোহ ঘ) যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধ **উত্তর:ক**

তথ্য:
- ইন্তিফাদা হলো ইসরায়েলি দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনিদের গণজাগরণ।
- 'ইন্তিফাদা' আরবি শব্দ। এর অর্থ হলো- জেগে ওঠা বা প্রকম্পিত হওয়া।
- ২০১৬ সালের আগস্ট মাসে ইহুদিবাদী সেনারা আল-আকসা মসজিদ চত্বরে ফিলিস্তিনি মুসলমানদের নামাজ পড়তে বাধা দিলে জর্ডান নদীর ও পশ্চিম তীরে ইসরাইল বিরোধী কুদস- ইন্তিফাদা বা কুদস-গণজাগরণ করা হয়।
- প্রথম ইন্তিফাদা শুরু হয়েছিল ১৯৮৭ সালে এবং চলে ১৯৯৩ সাল পর্যন্ত।

**৩৩. কে রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদ করেন ?**

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) ডব্লিউ বি ইয়েটস
গ) চার্লস ডিকেন্স ঘ) জন কিটস **উত্তর:ক**



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

তথ্য:
- রবীন্দ্রনাথ ঠাকুর 'গীতাঞ্জলি' কাব্য প্রকাশিত হয়- ১৯১০ সালে।
- গীতাঞ্জলি ও সমসাময়িক আরও কয়েকটি কাব্যগ্রন্থের কবিতা রবীন্দ্রনাথ ঠাকুর নিজে অনুবাদ করে প্রকাশ করেন।
- 'গীতাঞ্জলি'র অনুবাদ Song Offerings নামে প্রকাশিত হয়- ১৯১২ সালে।
- Song Offerings এর ভূমিকা লেখেন- ইংরেজ কবি W.B.Yeats.
- 'গীতাঞ্জলি' কাব্যের জন্য নোবেল পুরস্কার পান- নভেম্বর ১৯১৩ সাল।

৩৪. প্রধানত কোন সফটওয়্যার- এর মাধ্যমে সার্চ ইঞ্জিনসমূহ তাদের কর্মকাণ্ড সম্পন্ন করে থাকে?
ক) ওয়েব ক্রোলার খ) ইনডেক্স সফটওয়্যার
গ) কুয়েরি সফটওয়্যার ঘ) ওপরের সবগুলো উত্তর: ঘ

তথ্য:
- সার্চ ইঞ্জিন হল এক ধরনের সফটওয়্যার সিস্টেম যা ইন্টারনেটে এর মাধ্যমে তথ্য খুজে পেতে আমাদের সহায়তা করে।
- সার্চ ইঞ্জিনের জনক হলেন- এলান এমটাজ।
- বহুল ব্যবহৃত সার্চ ইঞ্জিন- Google, Yahoo, MSN, Bing, ডগপাইল, আলটা ভিস্টা, পিপীলিকা।
- বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিন- পিপীলিকা।
- পিপীলিকা আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে- ১৩ এপ্রিল, ২০১৩ সালে।
- একটি সার্চ ইঞ্জিন ৩টি প্রধান সফটওয়্যার এর মাধ্যমে তাদের কর্মকাণ্ড সম্পন্ন করে থাকে।
- সফটওয়্যারগুলো হলো- ওয়েব ক্রোলার (Web Crawler) বা Spider software, ইনডেক্স সফটওয়্যার (Index Software), (কুয়েরি সফটওয়্যার) Query Software.

৩৫. কোন দেশটি কার্বন নেগেটিভ স্ট্যাটাস অর্জন করেছে?
ক) মালদ্বীপ খ) নেপাল গ) ভূটান ঘ) সুরিনাম উত্তর:গ

তথ্য:
- বিশ্বের প্রথম এবং একমাত্র দেশ হিসেবে দক্ষিণ এশিয়ার দেশ ভূটান কার্বন নেগেটিভ স্ট্যাটাস অর্জন করেছে।
- অর্থৎ ভুটান প্রথম জনসমক্ষে ধূমপান নিষিদ্ধ করে।
- ভুটান প্রথম কার্বন প্রভাব মুক্ত দেশ হিসাবে মর্যাদা লাভ করে- ২০১৬ সালে।
- প্রথম কার্বন কর চালু করে- অস্ট্রেলিয়া।
- পৃথিবীর প্রথম জলবায়ু ট্রাস্ট ফান্ড গঠন করে- বাংলাদেশ (২০১০ সালে)।
- প্রথম কার্বন সূচক চালু করে- ভারত।

৩৬. কোন দেশ রোহিঙ্গা গণহত্যা বিষয়ে আন্তর্জাতিক ন্যায়বিচার আদালতে বক্তব্য দিয়েছে?
ক) গাম্বিয়া খ) মিশর গ) মায়ানমার ঘ) বাংলাদেশ উত্তর: ক

তথ্য:
- রোহিঙ্গা গণহত্যা বিষয়ে আন্তর্জাতিক আদালতে মামলা করে গাম্বিয়া।
- আন্তর্জাতিক আদালতে গাম্বিয়া মামলা করে- ৩টি। যথা:
- আন্তর্জাতিক আদালতে (ICJ) মামলা করে- ১১ নভেম্বর, ২০১৯ সালে।
- আর্জেন্টিনা আদালতে মামলা করে- ১৩ নভেম্বর, ২০১৯ সালে।
- আন্তর্জাতিক অপরাধ আদালতে (ICC) মামলা করে- ১৪ নভেম্বর, ২০১৯ সালে।
- নেদারল্যান্ডের দ্য হেগের পিস প্যালেসে ১০ ডিসেম্বর, ২০১৯ গাম্বিয়ার প্রতিনিধি দল আদালতে গণহত্যার বিষয়ে বক্তব্য দিয়েছে।
- আন্তর্জাতিক আদালতে (ICJ) রায় প্রদান করে ৪টি পর্যবেক্ষক দেয়- ২৩ জানুয়ারি, ২০২০ সালে।
- মামলার নেতৃত্ব দেন গাম্বিয়ার আইন বিচার মন্ত্রী- আবু বাকার তাম্বাদু।

৩৭. নিচের কোন উপন্যাসটির রচয়িতা আর্নেস্ট হেমিংওয়ে?
ক) আ টেল অব টু সিটিজ খ) অল কোয়ায়েট অন দ্য ওয়েস্টার্ন ফ্রন্ট
গ) দি ওল্ড ম্যান অ্যান্ড দ্য সি ঘ) মোবি ডিক উত্তর:গ

তথ্য:
- বিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ ঔপন্যাসিক- আর্নেস্ট হেমিংওয়ে।
- তাঁর বিখ্যাত উপন্যাস- দি ওল্ড ম্যান অ্যান্ড দ্য সি, এ ফেয়ারওয়েল টু আর্মস, The sun also Rises.
- তিনি ১৯৫৪ সালে নোবেল পুরস্কার লাভ করেন।

৩৮. নিচের কোন চলচ্চিত্রটির নির্মাতা ঋত্বিক ঘটক?
ক) জন অরণ্য খ) সুবর্ণ-রেখা
গ) পদাতিক ঘ) সীমানা পেরিয়ে উত্তর:খ

তথ্য:
- বিখ্যাত বাঙালি চলচ্চিত্র পরিচালক- ঋত্বিক ঘটক।
- তাঁর বিখ্যাত চলচ্চিত্রগুলো হল- তিতাস একটি নদীর নাম, মধুমতি, সুবর্ণ রেখা, কোমল গান্ধার, অযান্ত্রিক, মেঘে ঢাকা তারা ইত্যাদি।
- জন অরণ্য (চলচ্চিত্র) পরিচালক- সত্যজিৎ রায়।
- পদাতিক (চলচ্চিত্র) পরিচালক- মৃণাল সেন।
- সীমানা পেরিয়ে (চলচ্চিত্র) পরিচালক- আলমগীর কবির।

৩৯. ভি-২০ গ্রুপ কিসের সাথে সম্পর্কিত?
ক) কৃষি উন্নয়ন খ) জলবায়ু পরিবর্তন
গ) দারিদ্র্য বিমোচন ঘ) অর্থনৈতিক বিনিয়োগ উত্তর:খ

তথ্য:
- ভি-২০ (V-20) হলো- বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ঝুঁকিতে থাকা দেশগুলোর সংস্থা।
- ভি-২০ প্রতিষ্ঠা হয়-২০১৫ সালে ২০টি দেশ নিয়ে পেরুর রাজধানী লিমাতে।
- ভি-২০ উদ্যোক্তা দেশ- ফিলিপাইন।
- বর্তমান দেশ- ৪৮টি।
- ২০২০ থেকে ২০২২ পর্যন্ত এর চেয়ারম্যান ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

৪০. কখন থেকে মার্কিন ডলার রিজার্ভ মুদ্রা হিসেবে ব্যবহৃত হয়?
ক) ১৯৩০ খ) ১৯৪৪ গ) ১৯৪৫ ঘ) ১৯৫২ উত্তর: খ

তথ্য:
- ১৯৪৪ সালের ১ জুলাই থেকে ২২ জুলাই পর্যন্ত আমেরিকার ব্রিটেন উডসের সম্মেলনের মাধ্যমে IMF ও World Bank প্রতিষ্ঠিত হয়।
- ১৯৪৪ সালে থেকেই IMF মার্কিন ডলারকে রিজার্ভ মুদ্রা হিসেবে ব্যবহার শুরু করে।
- মার্কিন ডলারকে বলা হয়- গ্রীন ব্যাক।

৪১. কোন সংস্থা স্টারলিংক স্যাটেলাইট দ্বারা উচ্চগতির ইন্টারনেট সরবারাহ করে?
ক) স্পেস এক্স খ) নাসা গ) রসকসমস ঘ) ব্লু অরিজিন উত্তর: ক

তথ্য:
- স্টার লিংক একটি ব্রডব্যান্ড ইন্টারনেট প্রযুক্তি ব্যবস্থা।
- এটি বিশ্বের শীর্ষ ধনকুবের ইলন মাস্কের স্পেসএক্স কর্তৃক উদ্ভাবিত হয়েছে।
- স্টারলিংকে স্যাটেলাইট দ্বারা ইন্টারনেট সরবরাহ করে আসছে- ২০১৫ সাল থেকে।
- রাশিয়ার প্রধান ও জাতীয় মহাকাশ সংস্থা- রসকসমস।
- আমেরিকান অ্যারোস্পেস প্রস্তুতকারক ও উপকক্ষপথীয় মহাকাশ উড্ডয়ন পরিসেবা প্রদানকারী সংস্থা- ব্লু অরিজিন।
- মার্কিন যুক্তরাষ্ট্রের একটি স্বাধীন সংস্থা যা বিমানচালনাবিদ্যা ও মহাকাশ সম্পর্কিত গবেষণা করে থাকে- নাসা (ন্যাশনাল অ্যারোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্টেশন)।

৪২. বাংলাদেশের প্রদত্ত বীরত্বের খেতাবসমূহের মাঝে মর্যাদার ক্রমানুসারে তৃতীয় খেতাব কোনটি?
ক) বীর প্রতীক খ) বীরশ্রেষ্ঠ
গ) বীর উত্তম ঘ) বীর বিক্রম উত্তর: ঘ

তথ্য:
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর মুক্তিযুদ্ধে সাহসিকতা ও বীরত্ব প্রদর্শনের স্বীকৃতিস্বরূপ ৪ ধরণের খেতাব প্রদান করেন।

খেতাবসমূহের মর্যাদার ক্রমানুসারে ও সংখ্যা

| পদমান | খেতাব | ১৯৭৩ সালের গেজেট (সংখ্যা) | বর্তমান সংখ্যা |
|---|---|---|---|
| প্রথম | বীরশ্রেষ্ঠ | ৭ জন | ৭ জন |
| দ্বিতীয় | বীর উত্তম | ৬৮ জন | ৬৭ জন |
| তৃতীয় | বীর বিক্রম | ১৭৫ জন | ১৭৪ জন |
| চতুর্থ | বীর প্রতীক | ৪২৬ জন | ৪২৪ জন |
| | মোট | ৬৭৬ জন | ৬৭২ জন |

- প্রথম খেতাবপ্রাপ্ত বীরশ্রেষ্ঠ- ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর।
- প্রথম বীরউত্তম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা- ল. কর্নেল আবদুর রব (চিফ অব স্টাফ)।
- প্রথম বীরবিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা- মেজর খন্দকার নাজমুল হুদা।
- প্রথম বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা- মোহাম্মাদ আবদুল মতিন।
- বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত ২ জন নারী- ডা. সেতারা বেগম ও তারামন বিবি।
- একমাত্র বিদেশী বীর প্রতীক খেতাব প্রাপ্ত- ডব্লিউ.এইচ.ওডারল্যান্ড।

৪৩. নিচের কোনটি '৪র্থ শিল্প বিপ্লব' এর সাথে সম্পর্কিত?
ক) আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স খ) ইন্টারনেট অব থিংস
গ) রোবটিক্স ঘ) ওপরের সবগুলো উত্তর:ঘ

তথ্য:
- প্রথম শিল্প বিপ্লব (১৭৫০-১৮৫০) এর সাথে সম্পর্কিত- বাষ্পীয় ইঞ্জিন।
- দ্বিতীয় শিল্প বিপ্লব (১৮৭০-১৯১৪) এর সাথে সম্পর্কিত- বিদ্যুৎ আবিষ্কার।
- তৃতীয় শিল্প বিপ্লব (১৯৬০-১৯৯০) এর সাথে সম্পর্কিত-ট্রানজিস্টার ও ইন্টারনেট।
- চতুর্থ (৪র্থ) শিল্প বিপ্লব একবিংশ শতাব্দীর অন্যতম আলোচিত বিষয়।
- চতুর্থ (৪র্থ) শিল্প বিপ্লব শব্দটি প্রথম ব্যবহার করে- Schwab, ২০১৫ সালে।
- চতুর্থ (৪র্থ) শিল্প বিপ্লব এর সাথে সম্পর্কিত- আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, ইন্টারনেট অব থিংস্, রোবটিক্স, স্মার্ট ফোন, ন্যানো টেকনোলজি, বায়োটেকনোলজি ইত্যাদি।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৪৪. ইউরোপের কোন দেশ সর্বপ্রথম বাংলাদেশকে সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়?
ক) পোল্যান্ড খ) ইংল্যান্ড গ) ইতালি ঘ) স্পেন উত্তর:ক

তথ্য:
- বাংলাদেশ স্বাধীন হওয়ার পর এ পর্যন্ত আনুষ্ঠানিকভাবে মোট ১৫০টি দেশ স্বীকৃতি দেয়।
- বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম দেশ- ভুটান (৬ ডিসেম্বর ১৯৭১)
- দ্বিতীয় দেশ- ভারত ৬ ডিসেম্বর ১৯৭১ সালে স্বীকৃতি দান করে। (ভুটান স্বীকৃতি দেওয়ার কিছু পরে ভারত স্বীকৃতি দেয়।)
- প্রথম আরব দেশ- ইরাক (৮ জুলাই ১৯৭২)।
- প্রথম আমেরিকান দেশ- বার্বাডোস (২০ জানুয়ারি ১৯৭২)।
- প্রথম সমাজতান্ত্রিক দেশ- পূর্ব জার্মানি (১১ জানুয়ারি ১৯৭২)।
- ইউরোপের প্রথম দেশ- পোল্যান্ড (১২ জানুয়ারি, ১৯৭২)।
- যুক্তরাজ্য স্বীকৃতি দেয়- ৪ ফেব্রুয়ারি, ১৯৭২ সালে।
- প্রথম আফ্রিকান দেশ- সেনেগাল (১ ফেব্রুয়ারি ১৯৭২) স্বীকৃতি প্রদান করে।
- মার্কিন যুক্তরাষ্ট্র স্বীকৃতি দেয়- ৪ এপ্রিল ১৯৭২।
- সর্বশেষ দেশ হিসেবে চীন বাংলাদেশকে ১৯৭৫ সালের ৩১ আগস্ট স্বীকৃতি দেয়।

৪৫. নিচের কোনটি ১৯৭২ সালে প্রণীত বাংলাদেশের প্রথম সংবিধানের মূলনীতি নয়?
ক) জাতীয়তাবাদ খ) সাম্যাবাদ
গ) গণতন্ত্র ঘ) ধর্মনিরপেক্ষতা উত্তর:খ

তথ্য:
- বাংলাদেশের সংবিধান কখন কার্যকর হয়- ১৬ ডিসেম্বর, ১৯৭২ সালে।
- বাংলাদেশের সংবিধানের স্থপতি বা জনক- ড.কামাল হোসেন।
- বাংলাদেশ সংবিধানের অধ্যায় বা ভাগ- ১১টি; অনুচ্ছেদ- ১৫৩টি।
- বাংলাদেশের সংবিধানের (১৯৭২) মূলনীতি ৪টি যথা: জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতাবাদ।
- রাষ্ট্র পরিচালনার মূলনীতি সমূহ উল্লেখ আছে সংবিধানের- ৮ নং অনুচ্ছেদে।
- জাতীয়তাবাদের কথা উল্লেখিত আছে সংবিধানের- ৯ নং অনুচ্ছেদে।
- সমাজতন্ত্র সম্পর্কে উল্লেখ আছে সংবিধানের- ১০ নং অনুচ্ছেদে।
- গণতন্ত্র সম্পর্কে উল্লেখ আছে সংবিধানের- ১১ নং অনুচ্ছেদে।
- ধর্মনিরপেক্ষতাবাদ সম্পর্কে উল্লেখ আছে সংবিধানের- ১২ নং অনুচ্ছেদে।
- সংবিধানের মূল নীতি থেকে ধর্মনিরপেক্ষতাবাদ বাদ দেওয়া হয়েছিল- ১৯৭৮ সালে, দ্বিতীয় ঘোষণাপত্রের আদেশ নম্বর ৪ এর দ্বিতীয় তফসিল বলে।
- বাংলাদেশের সংবিধান থেকে সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা পুনঃস্থাপিত হয়- ৩০ জুন, ২০১১।
- বাংলাদেশের সংবিধান থেকে সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা পুনঃস্থাপিত হয়- পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে।

৪৬. 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে, রক্ত লাল রক্ত লাল' গানটির রচয়িতা কে?
ক) আপেল মাহমুদ খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) গৌরীপ্রসন্ন মজুমদার ঘ) গোবিন্দ হালদার উত্তর:ঘ

তথ্য: ☑ বাংলাদেশের উল্লেখযোগ্য গান, কথা/রচয়িতা ও সুরকার

| গান | রচয়িতা | সুর |
|---|---|---|
| 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে, রক্ত লাল রক্ত লাল | গোবিন্দ হালদার | সমর দাস |
| তীর হারা এই ঢেউয়ের সাগর | গোবিন্দ হালদার | আপেল মাহমুদ |
| মাগো ভাবনা কেন | গৌরীপ্রসন্ন মজুমদার | হেমন্ত মুখোপাধ্যায় |
| বাংলার হিন্দু বাংলার বৌদ্ধ | গৌরীপ্রসন্ন মজুমদার | সমর দাস |
| শুন একটি মুজিবরের | গৌরীপ্রসন্ন মজুমদার | অংশুমান রায় |
| রক্তের প্রতিশোধ রক্তে নেব আমরা | আপেল মাহমুদ | আপেল মাহমুদ |
| আমার সোনার বাংলা<br>সার্থক জনম আমার<br>ও আমার দেশের মাটি | রবীন্দ্রনাথ ঠাকুর | রবীন্দ্রনাথ ঠাকুর |
| রক্তে আমার আবার প্রলয় দোলা | আবদুল গাফ্ফার চৌধুরী | আলতাফ মাহমুদ |
| জয় বাংলা বাংলার জয় | গাজী মাযহারুল আনোয়ার | আনোয়ার পারভেজ |
| সোনা সোনা সোনা লোকে বলে | আবদুল লতিফ | আবদুল লতিফ |
| গাড়ি চলে না, চলে না, চলে না রে | শাহ আবদুল করিম | শাহ আবদুল করিম |

৪৭. বাংলাদেশের 'খুমি' নৃ গোষ্ঠীর নিবাস কোন জেলায়?
ক) বান্দরবন খ) খাগড়াছড়ি
গ) রাঙামাটি ঘ) চট্টগ্রাম উত্তর:ক

তথ্য:
- 'নৃ' শব্দের অর্থ- 'মানুষ' এবং 'গোষ্ঠী' অর্থ- 'সামাজিক দল'। অর্থাৎ নৃগোষ্ঠী বলতে মানুষের গোষ্ঠী বা সামাজিক দলকে বোঝায়। এই ক্ষুদ্র জাতিসত্তাই নৃগোষ্ঠী বা উপজাতি নামে পরিচিত।
- বাংলাদেশে মোট কতটি উপজাতি রয়েছে- ৫০ টি (সরকারি তথ্য অনুযায়ী)।
- খুমি নৃগোষ্ঠীর বসবাস বান্দরবান জেলায়।
- খুমি পার্শ্ববর্তী দেশ মায়ানমার থেকে এসে বাংলাদেশে বসবাস শুরু করে।
- খুমি নৃগোষ্ঠীর পরিবার ব্যবস্থা- পিতৃতান্ত্রিক।
- তাদের প্রধান জীবিকা- জুম চাষ করে।

| বাংলাদেশে বসবাসরত উল্লেখযোগ্য কয়েকটি উপজাতির অবস্থান | | | |
|---|---|---|---|
| চাকমা | চট্টগ্রাম,পার্বত্য চট্টগ্রাম, রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলায় | | |
| মারমা | বান্দরবান, কক্সবাজার ও পটুয়াখালী জেলায়। | | |
| গারো | ময়মনসিংহ, টাঙ্গাইল, শেরপুর ও নেত্রকোনা জেলায় | | |
| তঞ্চঙ্গ্যা | বান্দরবান ,রাঙামাটি ,খাগড়াছড়ি,চট্টগ্রাম,কক্সবাজার | | |
| খাসিয়া | সিলেট জেলার সীমান্তবর্তী জৈয়ন্তিকা পাহাড়ে। | | |
| মনিপুরী | সিলেট, মৌলভীবাজার এবং হবিগঞ্জ জেলার আসামপাহাড় অঞ্চলে। | | |
| সাঁওতাল | রাজশাহী, রংপুর, বগুড়া, দিনাজপুর,নওগাঁ জেলায়। | | |
| ত্রিপুরা/টিপরা | খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙামাটি জেলায়। | | |
| লুসাই | পার্বত্য চট্টগ্রাম। | রাখাইন | পটুয়াখালী। |
| চক | বান্দরবান। | পাঙন | মৌলভীবাজার |
| রাজবংশী | রংপুর। | ওঁরাও | বগুড়া ও রংপুর। |
| মগ/চাক/ম্রো | বান্দরবান | হাজং | ময়মনসিংহ ও নেত্রকোনা |

৪৮. বাংলাদেশী বিজ্ঞানীদের আবিষ্কৃত ডায়াবেটিসের নতুন নির্দেশকের নাম কী?
ক) অ্যামাইনো এসিড-এর স্বল্পতা
খ) ইন্টেস্টিনাল অ্যালকালাইন ফসফেটাস এনজাইম-এর স্বল্পতা
গ) ভিটামিন ডি৩- এর স্বল্পতা ঘ) ভিটামিন কে১২- এর স্বল্পতা উত্তর:খ

তথ্য:
- ডায়াবেটিসের নতুন কারণ আবিষ্কার করেন বাংলাদেশের বিজ্ঞানীরা।
- কারণটি হলো আইএপি (ইন্টেস্টিনাইল অ্যালকেলাইন ফসফেটাস) কমে যাওয়া।
- ডায়াবেটিসের নতুন নির্দেশকের নের্তৃত্ব দেয়- বারডেম হাসপাতালের অধ্যাপক ডা. মধু এস মালো।
- তথ্যটি ছাপা হয়- ব্রিটিস মেডিকেল জার্নাল 'দ্য বিএমজে ওপেন ডায়াবেটিস রিসার্চ অ্যান্ড কেয়ার'।

৪৯. একজন শিক্ষার্থী একটি সংখ্যাকে ৫/৩ এর পরিবর্তে ৩/৫ দিয়ে গুণ করল সে গণনায় কত শতাংশ ভুল করল?
ক) ৫৪ খ) ৬৪ গ) ৭৪ ঘ) ৮৪ উত্তর:খ

তথ্য:
ভুল করল $= \frac{৫}{৩} - \frac{৩}{৫} = \frac{১৬}{১৫}$

$\frac{৫}{৩}$ তে ভুল হয় $= \frac{১৬}{১৫}$

১ " " " $= \frac{১৬\times৩}{১৫\times৫}$

∴১০০ " " " $= \frac{১৬\times৩}{১৫\times৫}\times১০০ = ৬৪$

৫০. বাংলাদেশের তৈরি জাহাজ 'স্টেলা ম্যারিস' কোন দেশে রপ্তানি হয়েছে?
ক) ফিনল্যান্ড খ) ডেনমার্ক গ) সুইডেন ঘ) নরওয়ে উত্তর:খ

তথ্য:
- বাংলাদেশের তৈরি জাহাজ 'স্টেলা ম্যারিস' রপ্তানি হয়েছে- ডেনমার্কে।
- 'স্টেলা ম্যারিস' জাহাজটি ডেনমার্কের কাছে রপ্তানি করে- ১৫ মে, ২০০৮ সালে।
- এটির নির্মাতা প্রতিষ্ঠান- আনন্দ শিপইয়ার্ড লিমিটেড কোঃ
- আনন্দ শিপইয়ার্ড লিমিটেড অবস্থিত- নারায়ণগঞ্জ।
- বাংলাদেশের জাহাজ নির্মাণ ও মেরামত কারখানা অবস্থিত- খুলনা, মংলা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও ঢাকায়।
- বাংলাদেশের প্রথম বাণিজ্যিক জাহাজ- বাংলার দূত।
- জার্মানিতে রপ্তানি করা সবচেয়ে বড় জাহাজ- এম.ভি আনসু।

৫১. বাংলাদেশের প্রথম ভাসমান হাসপাতালের নাম কী?
ক) জীবন তরী খ) এমিরেটস ফ্রেন্ডশীপ হাসপাতাল
গ) লাইফবয় ফ্রেন্ডশীপ হাসপাতাল ঘ) জীবন তরঙ্গ উত্তর: ক

তথ্য:
- বাংলাদেশের প্রথম ভাসমান হাসপাতালের- জীবনতরী।
- 'জীবন তরী' হাসপাতালে প্রতিবন্ধীদের চিকিৎসা করা হয়।
- 'জীবন তরী' ভাসমান হাসপাতাল প্রতিষ্ঠা করেন- ইমপ্যাক্ট ফাউন্ডেশন।
- জীবন তরী যাত্রা শুরু করে কবে- ১০ এপ্রিল, ১৯৯৯ সালে মুন্সিগঞ্জ জেলার মাওয়া থেকে।
- দেশের দ্বিতীয় ভাসমান হাসপাতাল- লাইফবয় ফ্রেন্ডশিপ হাসপাতাল।



Confusion! দ্রুত সমাধান পেতে Join করুন- FB Page/Group: প্রিভিউ-Preview বিশ্ববিদ্যালয় ভর্তি সহায়িকা।
শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

- দেশের তৃতীয় ভাসমান হাসপাতাল- এমিরেটস ফ্রেন্ডশিপ হাসপাতাল।
- দেশের ৪র্থ ভাসমান হাসপাতাল- রংধনু (উদ্বোধন ১৪ নভেম্বর ২০১২)।
- সর্বশেষ ভাসমান হাসপাতাল যাত্রা শুরু করে- বিদ্যানন্দের (১ সেপ্টেম্বর, ২০২০ সালে)।
- বিশ্বের একমাত্র উড়ন্ত চক্ষু হাসপাতাল- অরবিস ইন্টারন্যাশনাল।

**৫২. স্বাধীনতার পর প্রকাশিত প্রথম স্মরক ডাকটিকেটে কিসের ছবি ছিল?**

ক) কেন্দ্রীয় শহীদ মিনার খ) দোয়েল পাখি
গ) শাপলা ফুল ঘ) ষাট গম্বুজ মসজিদ **উত্তর:ক**

তথ্য:
- বাংলাদেশে সর্বপ্রথম ডাক টিকিট চালু হয়- ২৯ জুলাই, ১৯৭১ সালে।
- জাতীয় ডাক টিকিট দিবস পালিত হয়- ২৯ জুলাই।
- বাংলাদেশের প্রথম ডাক টিকিটের ডিজাইনার- বিমান মল্লিক।
- স্বাধীনতার প্রথম ডাক টিকিট প্রকাশ করে- মুজিব নগর সরকার।
- বাংলাদেশ ডাক বিভাগের স্লোগান- সেবাই আদর্শ।
- স্বাধীনতার পর প্রথম স্মারক ডাকটিকেট প্রকাশিত হয়- ২১ ফেব্রুয়ারি, ১৯৭২ সালে।
- স্মারক ডাকটিকেটের মূল্য ছিল- ২০ পয়সা।
- স্মারক ডাকটিকেটের ডিজাইনার- বিপি চিতনিশ।
- স্মারক ডাকটিকেটের প্রতীক ছিল- কেন্দ্রীয় শহীদ মিনার।
- শহীদ মিনারের ছবি সম্বলিত ডাকটিকিটের মুদ্রণকারী প্রতিষ্ঠান- দি সিকিউরিটি প্রিন্টিং প্রেস (নাসিক, ভারত)।

**৫৩. কোনটি উনসত্তরের গণ-অভ্যুত্থানের পটভূমিতে রচিত উপন্যাস ?**

ক) আগুনের পরশমণি খ) পুষ্প, বৃক্ষ ও বিহঙ্গ পুরাণ
গ) প্রদোষে প্রকৃতজন ঘ) চিলেকোঠার সেপাই **উত্তর:ঘ**

তথ্য:
- উনসত্তরের গণ-অভ্যুত্থানের পটভূমিতে রচিত উপন্যাস- চিলেকোঠার সেপাই।
- এটি আখতারুজ্জামান ইলিয়াসের লেখা প্রথম উপন্যাস।
- উনসত্তরের গণ-অভ্যুত্থানের সাথে জড়িত কবিতা- আসাদের শার্ট (শামসুর রহমান)।
- উনসত্তরের গণ-অভ্যুত্থান দিবস পালিত হয়- ২৪ জানুয়ারি।
- মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'আগুনের পরশমণি' রচয়িতা- হুমায়ুন আহমদ।
- তুর্কিদের আক্রমণ ও সেন রাজাদের সময়ে বঙ্গদেশের প্রকৃতজনদের কাহিনী বর্ণিত উপন্যাস 'প্রদোষে প্রকৃতজন' রচয়িতা- শওকত আলী।
- ব্যক্তিগত প্রেমকে উপজীব্য করে রচিত উপন্যাস 'পুষ্প, বৃক্ষ ও বিহঙ্গ পুরাণ' রচয়িতা- আহমদ ছফা।

**৫৪. বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল কবে টেস্ট মর্যাদা লাভ করে ?**

ক) ১ এপ্রিল ২০২১ খ) ১০ এপ্রিল ২০২১
গ) ২০ এপ্রিল ২০২১ ঘ) ৩০ এপ্রিল ২০২১ **উত্তর:ক**

তথ্য:
- বাংলাদেশ 'টেস্ট স্ট্যাটাস' লাভ করে- ২৬ জুন ২০০০ সালে।
- বাংলাদেশ প্রথম টেস্ট ম্যাচ খেলে- ভারতের সাথে।
- বাংলাদেশ ভারতের সাথে প্রথম টেস্ট ম্যাচ খেলে- ১০ নভেম্বর ২০০০ সালে।
- বাংলাদেশের জাতীয় নারী ক্রিকেট দল 'টেস্ট স্ট্যাটাস' লাভ করে- ১ এপ্রিল ২০২১ সালে।
- বাংলাদেশের জাতীয় নারী ক্রিকেট দল 'ওয়ানডে স্ট্যাটাস' লাভ করে- ২৪ নভেম্বর ২০১১ সালে।

**৫৫. ১৯৭১ সালে অনুষ্ঠিত 'কনসার্ট ফর বাংলাদেশ'- এ রবিশঙ্কর ও অন্য ভারতীয় শিল্পীদের পরিবেশিত সংগীতের নাম কী ছিল?**

ক) বাংলাদেশ খ) সং অব বাংলাদেশ
গ) বাংলা ধুন ঘ) মাই সুইট লর্ড **উত্তর:গ**

তথ্য:
- ১৯৭১ সালের ১ আগস্ট মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ম্যাডিসন স্কোয়ার গার্ডেনে বাংলাদেশের সাহায্যের জন্য "Concert for Bangladesh" আয়োজন করেন জর্জ হ্যারিসন (যুক্তরাজ্য) ও পন্ডিত রবি শংকর (ভারত)।
- জর্জ হ্যারিসন ব্যান্ড সদস্য ছিলেন- বিটলস দলের।
- রবি শংকর ছিলেন- একজন সেতারবাদক।
- কনসার্ট ফর বাংলাদেশের প্রযোজনা করেন- জর্জ হ্যারিসন ও অ্যালেন ক্লেইন।
- কনসার্ট ফর বাংলাদেশের পরিচালক ছিলেন- সল সুইমার।
- কনসার্ট ফর বাংলাদেশ শুরু হয়- সেতারবাদক রবিশংকর ও অন্যান্য শিল্পীরা "বাংলা ধুন" শীর্ষক সংগীতটি পরিবেশন করেন।
- তবলায় ছিলেন- ওস্তাদ আলী আকবর খান।

**৫৬. দুটি সংখ্যার অনুপাত ৪:৫। সংখ্যা দুটি ৪ করে কমালে তাদের অনুপাত হয় ৩:৪। সংখ্যা দুটির সাথে ৪ যোগ করলে তাদের অনুপাত কত হবে?**

ক) ১:২ খ) ২:৩ গ) ৩:৪ ঘ) ৫:৬ **উত্তর: ঘ**

তথ্য: ধরি, সংখ্যা দুটি ৪ক,৫ক

প্রশ্নমতে, ৪ক − ৪: ৫ক − ৪ = ৩:৪

$\Rightarrow \frac{৪ক}{৫ক} = \frac{3}{4} \Rightarrow$ ১৬ক − ১৬ = ১৫ক − ১২

⇒ ১৬ক − ১৫ক = ১৬ − ১২

∴ ক = ৪

∴ সংখ্যা দুটি ৪× ৪, ৫×৪ = ১৬, ২০

∴ ১৬ + ৪: ২০ + ৪ = ২০:২৪ = ৫:৬

**৫৭. VIRUS- এর পূর্ণ রূপ কী?**

ক) Vital Important Resources Under Siege
খ) Very Important Resources Under Siege
গ) Virtual Important Resources Under Siege
ঘ) Vital Information Resources Under Siege **উত্তর: ঘ**

তথ্য:
- Virus এর পূর্ণরূপ- Vital Information Resources Under Siege
- কম্পিউটার ভাইরাস এক ধরনের ক্ষতিকর কম্পিউটার প্রোগ্রাম যা স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ, সংক্রমন ও নিজস্ব সংখ্যা বৃদ্ধি করে।
- কতিপয় কম্পিউটার ভাইরাস- Aids, Bye Bay, Bad boy, CIN, Cindrella, I love you

**৫৮. মেইল আদান প্রদানে ব্যবহৃত SMTP-এর পূর্ণরূপ কী ?**

ক) Simple Message Transmission Protocol
খ) Strategic Mail Transmission Protocol
গ) Strategic Mail Transmission Protocol
ঘ) Simple Mail Transfer Protocol **উত্তর:ঘ**

তথ্য:
- SMTP এর পূর্ণরূপ- Simple Mail Transfer Protocol
- আউটগোয়িং মেইল পাঠানোর জন্য SMTP প্রোটোকল ব্যবহার করা হয়।
- মেইল সার্ভার থেকে ইনকামিং গ্রহণ করার জন্য POP ব্যবহার করা হয়।
- POP এর পূর্ণরূপ- Post Office Protocol.

## ঢাকা বিশ্ববিদ্যালয়

সময়: ৪০মিনিট (লিখিত অংশ) পূর্ণমান: ৪৫

ঘ- ইউনিট ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

### বাংলা

**০১. নিচের অংশটুকু বাংলায় অনুবাদ কর:** ১০

The streets are my home. I used to collect trash and sell it to a vendor.I stoppped doing that after I had a serious infection and a doctor told me to stay away from the trash dump. Once I worked for an ice cream shop owner and sold ice cream on the beach. But I got no money in return. The owner of the shop gave me something to eat and let me sleep in his hut at night. The work was difficult and painful. The ice cream box is quite heavy when it is full.I had to work for hours, offering my ice cream to whoever wanted to buy. There were days when I could not even sell one ice cream.

তথ্য: ফুটপাতই এখন আমার বাড়ি। আমি টোকাইয়ের কাজ করি (ময়লা কুড়িয়ে বিক্রি করি)। মারাত্মকভাবে সংক্রামিত হবার পর একজন ডাক্তার আমাকে ময়লার ভাগাড় থেকে দূরে থাকার পরামর্শ দিয়েছিলেন এবং তারপর থেকে ময়লা কুড়ানো বন্ধ করি। এক সময় আমি একজন আইসক্রিম বিক্রেতার অধীনে কাজ করতাম এবং সমুদ্র সৈকতে আইসক্রিম বিক্রি করতাম। কিন্তু বিনিময়ে আমি কোন টাকা পেতাম না। মালিক আমাকে শুধু কিছু খাবার খেতে দিতো এবং রাতে তার দোকানে ঘুমাতে দিতো। কাজটি ছিল খুবই কঠিন ও কষ্টকর। আইসক্রিমের বক্স যখন ভরা থাকতো তখন এটা খুবই ভারি হতো। আমাকে ঘণ্টার পর ঘণ্টা কাজ করতে হতো এবং ক্রেতাদের কাছে আইসক্রিম বিক্রি করতে হতো। এমন দিন আসতো যখন আমি একটা আইসক্রিমও বিক্রি করতে পারতাম না।



Confusion! দ্রুত সমাধান পেতে Join করুন- FB Page/Group: প্রিভিউ-Preview বিশ্ববিদ্যালয় ভর্তি সহায়িকা।
শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০২. নিচের গদ্যাংশে শুদ্ধ করে চলিত রীতিতে লেখ: ৫

বৃক্ষের দিকে তাকাইলে জীবনের তাৎপর্য উপলব্ধি করা সহজ হয়। তাই, বারংবার সেইদিকে তাকানো প্রয়োজন। মাটির রস টেনে নইয়ে নিজেকে মুটাসোটা করে তুলাতেই বৃক্ষের কার্যের সমাপ্তি নয়। তাকে ফুল ফুটাতে হয়, ফল ধরাতে হয়। নহিলে তাঁর জীবন অসম্পূর্ণ থেকে যাইবে। তাই, বৃক্ষকে স্বার্থকতার প্রতিক হিসেবে গ্রহণ করার প্রয়োজনিয়তা সজিবতা ও সতর্কতার এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।

তথ্য: বৃক্ষের দিকে **তাকালে** জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। তাই, **বারবার** **সেদিকে** তাকানো প্রয়োজন। মাটির রস টেনে **নিয়ে** নিজেকে **মোটাসোটা** করে **তোলাতেই** বৃক্ষের **কাজের** সমাপ্তি নয়। তাকে ফুল **ফোটাতে** হয়, ফল ধরাতে হয়। **নইলে** তার জীবন অসম্পূর্ণ থেকে **যাবে**। তাই, বৃক্ষকে **সার্থকতার** **প্রতীক** হিসেবে গ্রহণ করার **প্রয়োজনীয়তা** **সজীবতা** ও **সার্থকতার** এমন জীবন দৃষ্টান্ত আর নেই।

বি.দ্র: নিচে দাগ দেওয়া ও বোল্ড করা শব্দগুলোই ঠিক।

## English

০৩. **Translate the following paragraph into English: 5**

আমাদের সমাজে ছোট ছেলেমেয়েদের আমরা আলাদা আলাদা খেলনা দিয়ে থাকি। ছেলেদের আমরা খেলনা গাড়ি অথবা ফুটবল দিলেও মেয়েদের দেই পুতুল অথবা ছোট ছোট হাড়ি-পাতিল। আমরা ধরে নেই.ছেলেরা খেলাধুলা পছন্দ করে।আর মেয়েরা ঘরের ভেতরে থাকতে, তাদের খেলাধুলার প্রয়োজন নেই। এই মনোভাবের পরিবর্তন দরকার।

তথ্য: We provide different types of toys to our children in our society. We gift toy car or football to our sons while offer doll or small kitchen utensils to our daughters. We assume that boys like sports. On the other hand, girls prefer to stay at home and they need not engage with sports. This mentality needs to be changed.

**04. Write a paragraph on 'Frienship' in ten (10) sentences.**

তথ্য:

### Friendship

- ☑Friendship is the indispensable and significant part in our life which helps to enjoy our life efficiently, undoubtedly, friendship is one of the most esteemed relationships in our life.
- ☑Individuals who have old buddies appreciate the most in their life.
- ☑Actually, a friend is somebody unique on whom we can depend on to praise every second.
- ☑So, it is very important to pick a good friend but it is really tough to get a real one.
- ☑Practically, 'A Friend in need is a friend indeed' is the definition of a true friend who will never leave us during our hardships, success, and failure.
- ☑If we chose a bad companion, they can mislead us, but real friends will always guide and support us through thick and thin the right way.
- ☑Friendship is a divine relationship and they take care us throughout our life.
- ☑In addition, true friendship helps us enhance our ability and make a peaceful life while the fake friendships do the reverse.
- ☑We expect good friendships do the reverse.
- ☑We expect good friendship in our life to enjoy our life in a best way.

## সাধারণজ্ঞান

০৫. বাংলাদেশের সামাজিক ও সাংস্কৃতিক পরিবর্তনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একশ বছরের ভূমিকা সম্পর্কে লেখ (পাঁচটি বাক্যে বাংলায় লেখ)।

তথ্য: সামাজিক ও সাংস্কৃতিক পরিবর্তনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একশ বছরের ভূমিকা:

- ☑১৯২১ সালের পূর্বে বাংলার মানুষের সামাজিক ও সাংস্কৃতিক ভাগ্য পরিবর্তনের লক্ষ্যে প্রতিষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ☑১৯৫২ সালের ভাষা আন্দোলনে নেতৃত্বদানের মাধ্যমে বাঙালির সামাজিক সাংস্কৃতিক বিকাশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবদান বেগবান হয়।
- ☑আর এই পথচলা পরিণত হয় শিক্ষা আন্দোলনে, ৬২'র শিক্ষা আন্দোলন, ৬৬'র ছয় দফা ও ৬৯'র গণঅভ্যুত্থানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাহসী ভূমিকার মাধ্যমে।
- ☑১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধে বাংলাদেশের স্বাধীনতা অর্জনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবদান অবিস্মরণীয়।
- ☑স্বাধীনতা উত্তর সময়ে মঙ্গল শোভাযাত্রা ও অমর একুশে বইমেলা প্রচলনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে অসামাজিক চেতনার বিকাশ ঘটিয়ে শতবর্ষ পার করে ভবিষ্যতের পথ ধবমান।

০৬. বাংলাদেশের তরুণ সমাজের ওপর সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রভাব বর্ণনা কর (পাঁচটি বাক্যে ইংরেজিতে লেখ)।

তথ্য: **Five sentences regarding the impact of social media has been given below:**

- ☑Social media helps the youths to get news of the world easily.
- ☑Likewise, it helps them to enhance their ability and creativity giving access of the required information.
- ☑In addition, it is a very popular platform of youths to protest against any crimes or negative incidents.
- ☑On the other hand, the youth waste their valuable time in social media.
- ☑Due to social media, many youths engage with cyber-crime and other negative activities.

## ঢাকা বিশ্ববিদ্যালয়

### ঘ- ইউনিট ভর্তি পরীক্ষা ২০২০-২০২১

সময়: ৫০মিনিট (MCQ অংশ) পূর্ণমান:৭৫

## বাংলা

**সংক্ষিপ্ত সিলেবাস ২০২২ অনুসারে**

১. কোন বানানটি শুদ্ধ?

ক) মহিয়সি খ) মহীয়সী গ) মহিয়সী ঘ) মহীয়সি **উত্তর:খ**

তথ্য: গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান

| | | | |
|---|---|---|---|
| সমীচীন | মহীয়সী | মনঃকষ্ট | ক্ষীণজীবী |
| সংবর্ধনা | ভৌগোলিক | গীতাঞ্জলি | সন্ন্যাসী |
| দরিদ্রতা/দারিদ্র্য | মনঃকষ্ট | দীর্ঘজীবী | স্টেডিয়াম |
| শ্রদ্ধাঞ্জলি | ঐকতান | বিভীষিকা | ঔদাসীন্য |
| পরিষ্কার | মন্ত্রিসভা | মরীচিকা | শিরশ্ছেদ |
| শুশ্রূষা | মীমাংসা | সরস্বতী | অর্ধাঙ্গী |

২. নিচের কোনটি **'Like cures like'** এর যথার্থ বঙ্গানুবাদ?

ক) কাঁটায় কাঁটা তোলা খ) ভাগ্য কর্মঠকে সাহায্য করে

গ) যেমন কর্ম তেমন ফল ঘ) গতস্য শোচনা নাস্তি **উত্তর:ক**

তথ্য: গুরুত্বপূর্ণ কিছু অনুবাদ:

- As you sow, so (will) you reap.- যেমন কর্ম, তেমন ফল।
- Tit for tat- ঢিল মারলে পাটকেলটি খেতে হয়।
- কয়লা ধুলে ময়লা যায় না- Black will take no other hue.
- A stitch in time saves nine. সময়ের এক ফোঁড়, অসময়ের দশ ফোঁড়।
- Cut your coat according to your cloth. আয় বুঝে ব্যয় করো।/যেমন আয় তেমন ব্যয়।
- Diamond cuts diamond. মানিকে মানিক চেনে।/ রতনে রতন চেনে।

৩. 'মামার মুখ তখন অনর্গল ছুটিতেছিল'- 'অপরিচিতা' রচনার এ উদ্ধৃতিতে প্রকাশ পেয়েছে অনুপমের মামার-

ক) কেতাদুরস্ত ভাব খ) অন্তঃসারশূন্য অহংকার

গ) অর্থলোলুপতা ঘ) কৌলীন্য **উত্তর:খ**



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার